# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৬৫]

১৮/ বিবিধ চিত্তকর্ষী হাদিসসমূহ (كتاب المنثورات والملح)

পরিচ্ছেদঃ ৩৭০ : দাজ্জাল ও কিয়ামতের নিদর্শনাবলী সম্পর্কে

(370) بَابُ اَحَادِيْثِ الدَّجَّالِ وَاَشْرَاطِ السَّاعَةِ وَغَيْرِهَا

আরবী

وَعَنْ أَبي هُرَيرَةَ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ: «قَالَ رَجُلٌ لأَتَصَدَّقَنَّ بِصَدَقَةٍ، فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ سَارِقٍ، فَأَصْبَحُوا يَتَحَدَّثُونَ : تُصُدِّقَ عَلَى سَارِقٍ ! فَقَالَ: اَللهم لَكَ الحَمْدُ لأَتَصَدَّقَنَّ بِصَدَقَةٍ، فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ زَانِيَةٍ ؛ فَأَصْبَحُوا يَتَحَدَّثُونَ : تُصُدِّقَ اللَّيْلَةَ عَلَى زَانِيَةٍ ! فَقَالَ: اَللهم لَكَ الحَمْدُ عَلَى زَانِيَةٍ ! لأَتَصَدَّقَنَّ بِصَدَقَةٍ، فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ غَنِيٍّ، فَأَصْبَحُوا يَتَحَدَّثُونَ : تُصُدِّقَ عَلَى غَنِيٍّ ؟ فَقَالَ: اَللهم لَكَ الحَمْدُ عَلَى سَارِقٍ وَعَلَى زَانِيَةٍ وعلى غَنِيٍّ ! فَأُتِيَ فَقِيلَ لَهُ : أَمَّا صَدَقَتُكَ عَلَى سَارِقٍ فَلَعَلَّهُ أَنْ يَسْتَعِفَّ عَنْ سَرِقَتِهِ، وَأَمَّا الزَّانِيَةُ فَلَعَلَّهَا تَسْتَعِفُّ عَنْ زِنَاهَا، وَأَمَّا الغَنِيُّ فَلَعَلَّهُ أَنْ يَعْتَبِرَ فَيُنْفِقَ مِمَّا أَعْطَاهُ اللهُ» . رواه البخاري بلفظه ومسلم بمعناه

বাংলা

৫৮/১৮৭৪। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''একটি লোক বলল, '[আজ রাতে] আমি অবশ্যই সাদকাহ করব।' সুতরাং সে আপন সদকার বস্তু নিয়ে বের হল এবং [অজান্তে] এক চোরের হাতে তা দিয়ে দিল। লোকে সকালে উঠে বলাবলি করতে লাগল যে, 'আজ রাতে এক চোরের হাতে সদকা দেওয়া হয়েছে।' সাদকাকারী বলল, 'হে আল্লাহ! তোমারই যাবতীয় প্রশংসা! [আজ রাতে] অবশ্যই আবার সদকা করব।' সুতরাং সে নিজ সদকা নিয়ে বের হল এবং [অজান্তে] এক বেশ্যার হাতে তা দিয়ে দিল। সকাল বেলায় লোকে বলাবলি করতে লাগল যে, 'আজ রাতে এক বেশ্যাকে সদকা দেওয়া হয়েছে।' সে তা শুনে আবার বলল, 'হে আল্লাহ! তোমারই প্রশংসা যে, বেশ্যাকে সদকা করা হল। আজ রাতে পুনরায় অবশ্যই সাদকাহ করব।'

সুতরাং তার সদকা নিয়ে বের হয়ে গেল এবং [অজান্তে] এক ধনী ব্যক্তির হাতে সদকা দিল। সকাল বেলায়

লোকেরা আবার বলাবলি করতে লাগল যে, 'আজ এক ধনী ব্যক্তিকে সদকা দেওয়া হয়েছে।' লোকটি শুনে বলল, 'হে আল্লাহ! তোমারই সমস্ত প্রশংসা যে, চোর, বেশ্যা তথা ধনী ব্যক্তিকে সদকা করা হয়েছে।' সুতরাং [নবী অথবা স্বপ্নযোগে] তাকে বলা হল যে, '[তোমার সদকা ব্যর্থ যায়নি; বরং] তোমার যে সদকা চোরের হাতে পড়েছে তার দরুন হয়তো চোর তার চৌর্যবৃত্তি ত্যাগ করে দেবে। বেশ্যা হয়তো তার দরুন তার বেশ্যাবৃত্তি ত্যাগ করবে। আর ধনী; সম্ভবত: সে উপদেশ গ্রহণ করবে এবং সে তার আল্লাহ প্রদত্ত ধন-সম্পদ আল্লাহর রাহে ব্যয় করবে।''
(বুখারী-মুসলিম, শব্দগুলি বুখারীর)[1]

## English

(370) Chapter: Ahadith about Dajjal and Portents of the Hour

Abu Hurairah (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said: "A man (from amongst the people before you) said: 'Indeed! I will give in charity.' So he took his Sadaqah out and placed it in a thief's hand. In the morning the people were talking (about this incident) and saying: 'Sadaqah was given to a thief last night.' The man said: 'O Allah! Praise be to You. I have given Sadaqah to a thief. Indeed, I will give in charity!' So he took his Sadaqah out and he placed it in a prostitute's hand. In the morning the people were talking (about this incident) and saying: 'Sadaqah was given to a prostitute last night.' On hearing this, the man said: 'Praise be to You, O Allah! I gave Sadaqah to a prostitute. Indeed, I will give in charity!' So he took his Sadaqah out and placed it in a rich man's hand. In the morning the people were talking (about this incident) and saying: 'Sadaqah was given to a rich man last night.' The man said: 'O Allah! Praise be to You (for helping me) give charity to a thief, a prostitute and a rich man.' Then he had a dream in which he was told that his Sadaqah to the thief might result in his refraining from his theft, his Sadaqah to the prostitute might help her abstain from her immorality, and his Sadaqah to the rich man might help him pay heed and spend from what Allah had bestowed upon him."

[Al- Bukhari].

Commentary: If the intention of the person giving away something in charity is good, it will be accepted and rewarded by Allah even though it may be given to an undeserving person. However, it is better to give charity to deserving, pious people.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৪২১, মুসলিম ১০২২, নাসায়ী ২৫২৩, আহমাদ ৮০৮৩, ২৭২৯৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32708

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন